

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
জনস্বাস্থ্য-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

নং-৪৫.১৭০.০০১.০০.০০.২০১১-১১০


তারিখ: ২৫ জ্যেষ্ঠ ১৪২৭  
১৯ মে ২০২০

বিষয়: সরকারি হাসপাতালসমূহে এডিস মশার লার্ভা নির্মূল/নিধন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীসহ সারাদেশে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে এবং ইতোমধ্যে মহানগরীর সরকারি হাসপাতালসমূহে এর চিকিৎসা প্রদান করা হচ্ছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন থেকে এডিস মশার বিস্তার প্রতিরোধে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে গত ১৮/০৫/২০২০ তারিখে অনুষ্ঠিত ডেঙ্গু প্রতিরোধ বিষয়ক ৩য় আন্তঃমন্ত্রণালয় সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বেসরকারী স্থাপনার পাশাপাশি সরকারি স্থাপনায় ডেঙ্গু প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা করছে। সরকারি প্রতিষ্ঠানে লার্ভা পাওয়া গেলে প্রতিষ্ঠান প্রধানকে জরিমানা করা হচ্ছে। এ প্রেক্ষিতে ঢাকা মহানগরের হাসপাতালসমূহে এডিস মশার লার্ভা যাতে তৈরী না হয় সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

**করণীয়ঃ**

- ১। হাসপাতালের অভ্যন্তরীণ অংশ ও এর আঙ্গিনা পরিষ্কার রাখা;
- ২। হাসপাতালের অভ্যন্তরে যেমন ভবনের ছাদে, ফুলের টবে, রেফ্রিজারেটর ও এসির নিচে জমা পানি ফেলে দেয়া;
- ৩। হাসপাতালের আঙ্গিনায় বিভিন্ন স্থানে পরিত্যক্ত গাড়ি, যন্ত্রপাতি, টায়ার ইত্যাদিতে জমে থাকা পানি নিয়মিত পরিষ্কার করা ;
- ৪। নির্মাণাধীন ভবনের ছাদে কিউরিং এর জন্য জমানো পানিতে কেরোসিন বা কীটনাশক দিয়ে লার্ভা জন্মানো প্রতিহত করা ;
- ৫। হাসপাতালসমূহ এবং এর আবাসিক এলাকার ড্রেনেজসমূহ নিয়মিত পরিষ্কার করার কার্যক্রম অব্যাহত রাখা;
- ৬। এ বিষয়ে প্রয়োজনীয় অন্যান্য স্বাস্থ্য নির্দেশনা প্রদান।

  
(মোঃ জাহাঙ্গীর আলম)  
উপসচিব (জনস্বাস্থ্য-১)  
ফোন-৯৫১৫৫৩১

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/হাসপাতাল/জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।